গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
www.teaboard.gov.bd

নম্বর: ২৬.০৯.০০০০.০০০.১০১.৩৩.০০০১.২৫.২২৩৬

তারিখ: ১৮ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

বাংলাদেশ চা বোর্ড পরিচালিত নিউসমনবাগ চা বাগানের সকল প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম ড. এ কে এম রফিকুল হক, পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) এর তত্ত্বাবধানে পরিচালিত হবে।

কার্যপরিধি নিম্নরূপ:

- বাগানের সকল অ্যাকাউন্টের হিসাব পরিচালক, পিডিইউ এবং বাগান ব্যবস্থাপকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
- চা বোর্ড থেকে অর্থ ছাড়ের পর বাগানের সকল আর্থিক লেনদেন পরিচালক, পিডিইউ এর অনুমোদনক্রমে সম্পন্ন হবে।
- বাগানের ব্যবহৃত প্রতিটি উপকরণের (লেবার, কীটনাশক, ডলোমাইট, সার, চা পরিবহন, প্যাকিং ব্যাগ, চা চারা ইত্যাদি) যৌক্তিক ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে পরিচালক, পিডিইউ যথাযথ কার্যক্রম গ্রহণ করবেন।
- চা বোর্ড হতে বাগানের সাপ্তাহিক অর্থের চাহিদা যাচাই বাছাই করতঃ যৌক্তিকভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। পূর্বের সপ্তাহের প্রেরিত অর্থের হিসাবের বিল ভাউচার সত্যায়ন পূর্বক পরবর্তী সপ্তাহের চাহিদার সাথে প্রেরণ নিশ্চিত করবেন।
- মাঠ পর্যায়ে তদারকির মাধ্যমে গুণগতমান সম্পন্ন সবুজ কাচা পাতা উৎপাদন এবং উক্ত পাতা হতে কারখানায় ভালো মানের চা উৎপাদন নিশ্চিত করবেন।
- কারখানায় উৎপাদিত চায়ের মান ঠিক রেখে নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে চা বোর্ডের অ্যাকাউন্টে চা বিক্রয়ের অর্থ প্রেরণ নিশ্চিত করবেন।
- নির্ধারিত ছক অনুযায়ী বাগান হতে দৈনিক, সাপ্তাহিক এবং মাসিক প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন।
- বাগান সংক্রান্ত বাগান ব্যবস্থাপকের সার্বিক কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করে প্রতি মাসে চা বোর্ডে প্রতিবেদন প্রেরণ করবেন।
- সর্বোপরি, বাগানকে ধারাবাহিক লোকসান থেকে লাভজনক পর্যায়ে উন্নীত করা তথা বাগানের ব্যয়ের অতিরিক্ত আয় নিশ্চিত করতে যা যা করণীয় তার উদ্যোগ গ্রহণ করবেন।

০২ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০২/১১/২৫

সচিব
বাংলাদেশ চা বোর্ড
ফোন নং+৮৮০২৩৩৩৩৭৫০৬২
ইমেইল: secretarybtb1@gmail.com

বিতরণ:

০১। পরিচালক বিটিআরআই/পিডিইউ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০২। উপ-পরিচালক (পরিকল্পনা)/উপ-পরিচালক (বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
০৪। জনাব জি, এম, আহসান হাবিব, অর্থনীতিবিদ, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
০৫। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
০৬। ব্যবস্থাপক, নিউসমনবাগ চা বাগান, দক্ষিণভাগ, বড়লেখা, মৌলভীবাজার।
০৭। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮। পিএ টু সদস্য (অর্থ ও বাণিজ্য)/সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৯। অফিস কপি।